## নেট মিটারিং গাইডলাইনে বর্ণিত ট্রান্সফর্মারের ক্ষমতা ৭০% তুলে দেয়ার নিমিত্ত সুপারিশমালা প্রণয়ন সংক্রান্ত কমিটির প্রতিবেদন

**ভূমিকাঃ**

গত ২৬ মে ২০২৪ তারিখ বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে বিদ্যুৎ বিভাগের স্মারক নংঃ ২৭.০০.০০০০.০৫৩.০৬.০০১.২৪-১৪৮ তারিখঃ ০৪/০৬/২০২৪ খ্রিঃ অনুযায়ী নেট মিটারিং গাইডলাইনে বর্ণিত ট্রান্সফর্মারের ক্ষমতা ৭০% তুলে দেয়ার নিমিত্ত সুপারিশমালা প্রণয়নের জন্য ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয় (সংযুক্তি – ১) যা নিম্নরূপঃ

১) রেক্টর, বিপিএমআই - আহবায়ক
২) চেয়ারম্যান, স্রেডা - সদস্য
৩) মহাপরিচালক, পাওয়ার সেল - সদস্য
৪) যুগ্মসচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ - সদস্য
৫) সদস্য, বিতরণ, বাবিউবো - সদস্য
৬) সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো - সদস্য

কমিটির ১ম সভা গত ২০ জুন ২০২৪ খ্রিস্টাব্দ রোজ বৃহস্পতিবার সকাল ১০:৩০ ঘটিকায় রেক্টর, বিপিএমআই এর সভাপতিত্বে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)- তে ( মহানন্দা বোর্ড রুম, ১০ম তলা, আইইবি ভবন, রমনা, ঢাকা – ১০০০) অনুষ্ঠিত হয় (সংযুক্তি – ২,৩ সভার নোটিশ ও উপস্থিতির বিবরণ) । প্রথম সভায় কমিটির সদস্যগণ পরিচিতিপর্ব শেষে কমিটির কার্যপরিধি পর্যালোচনা করে কমিটিতে নিম্নবর্ণিত আরও ৬ (ছয়) জন সদস্যকে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৭) ড. খোন্দকার মোঃ আব্দুল হাই, সদস্য (যুগ্মসচিব), নবায়নযোগ্য জ্বালানি, স্রেডা
৮) জনাব আহমেদ জহির খান, মহাব্যবস্থাপক (প্রশিক্ষণ), বাবিউবো
৯) জনাব জহিরুল করিম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নবায়নযোগ্য জ্বালানি ও গবেষণা, ডিপিডিসি
১০) জনাব মোঃ নাসির উদ্দিন মিয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিঃ দায়িত্ব), বারিধারা সার্কেল, ডেসকো
১১) জনাব মোঃ মতিউর রহমান, প্রধান (নির্বাহী প্রকৌশলী ভারপ্রাপ্ত), নবায়নযোগ্য জ্বালানি ও জ্বালানি দক্ষতা সেল, ওজোপাডিকো
১২) জনাব মোঃ রাশেদুল আলম, সহকারী পরিচালক (সোলার), স্রেডা

কমিটির ২য় সভায় (সংযুক্তি – ৪,৫ সভার নোটিশ ও উপস্থিতির বিবরণ) নেট মিটারিং গাইডলাইনের আওতায় বর্ণিত ট্রান্সফর্মারের ক্ষমতা ৭০% তুলে দেয়ার বিষয়টি সহ নেট মিটারিং গাইডলাইনের আওতায় রুফটপ সোলার সম্প্রসারণের বিষয়টি সার্বিকভাবে পর্যালোচনার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে কমিটি কর্তৃক গত ১৬ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ রোজ মঙ্গলবার গুগল মিটে ভার্চুয়াল প্লাটফর্মে ৩য় সভায় এবং ২৮ জুলাই রোজ রবিবার পাওয়ারসেল কনফারেন্স রুমে ৪র্থ সভায় মিলিত হয়ে আনুপূর্বিক তথ্যাদি বিস্তারিত পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত প্রতিবেদন প্রস্তুত করা হয়:

| ক্রঃ | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে রেফারেন্স | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে সংশ্লিষ্ট অনুচ্ছেদের বিধান | **কমিটি কর্তৃক সুপারিশকৃত পরিবর্তন** | পরিবর্তনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| ১ | **অনুচ্ছেদ ৩.১**<br><br>(আবেদনকারীর যোগ্যতা) | আবেদনকারীর যোগ্যতায় (ক) থেকে (ঋ) দ্রষ্টব্য | **নতুন অন্তর্ভুক্তি**<br><br>**(এ) এই নেট মিটারিং নির্দেশিকা প্রণয়ণের পূর্বে যেসকল রুফটপ সোলার সিস্টেম স্থাপন করা হয়েছিল, সে সকল সিস্টেম স্থাপনকারী চাইলে নেট মিটারিং সিস্টেমে রুপান্তর করার জন্য আবেদন করতে পারবে। এ ধরণের পুরাতন সিস্টেমের ক্ষেত্রে (ইউটিলিটি/সরকারী ডকুমেন্টের আলোকে স্থাপনের তারিখ প্রমাণ সাপেক্ষে) সোলার মডিউলের স্ট্যান্ডার্ড কমপ্লায়েন্স শিথিল করা যেতে পারে।** | পুরাতন রুফটপ সোলার সিস্টেমসমূহ নেট মিটারিং এর আওতায় আসলে এখান থেকে উল্লেখযোগ্য পরিমাণ বিদ্যুৎ বিতরণ ইউটিলিটির নেটওয়ার্কে যুক্ত হবার সুযোগ থাকবে।<br><br>এছাড়া EPZ / EZ কর্তৃপক্ষ ও এর আওতাধীন ফ্যাক্টরি / প্রতিষ্ঠান সমূহ এই নেট মিটারিং গাইডলাইন প্রতিপালন করে নিজেদের মধ্যে অভ্যন্তরীণ রুফটপ সোলার নেট মিটারিং সিস্টেম বাস্তবায়নের মাধ্যমে বিদ্যুৎ ক্রয় বিক্রয়ে আগ্রহী হবে। ফলে সামগ্রিকভাবে জীবাশ্ম জ্বালানি নির্ভর বিদ্যুৎ চাহিদা কমে আসবে। |

| ক্রঃ | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে রেফারেন্স | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে সংশ্লিষ্ট অনুচ্ছেদের বিধান | কমিটি কর্তৃক সুপারিশকৃত পরিবর্তন | পরিবর্তনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| | | | (ট) যে সকল ইকনোমিক জোন এবং এক্সপোর্ট প্রসেসিং জোনের ইন্ডাস্ট্রি ও অন্যান্য স্থাপনাসমূহ সরাসরি বিতরণ ইউটিলিটির বিদ্যুৎ গ্রাহক নয়, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিতরণ ইউটিলিটির গ্রাহক এবং এর সাথে তৃতীয় পক্ষ ক্যাপটিভ জেনারেটর যুক্ত থাকতে পারে; এরুপ ক্ষেত্রে বিতরণ ইউটিলিটি, বিতরণ ইউটিলিটির বিদ্যুৎ গ্রাহক, ওপেক্স বিনিয়োগকারী (যদি থাকে) পক্ষ সমূহের ক্ষেত্রে এই নির্দেশিকা প্রয়োগযোগ্য হবে।<br><br>এসকল ক্ষেত্রে বিতরণ ইউটিলিটির সাথে BEZA/BEPZA কর্তৃপক্ষের এই নির্দেশিকা অনুযায়ী নেট মিটারিং চুক্তি থাকবে।<br><br>BEZA/BEPZA এর সাথে অতিরিক্ত পক্ষ সমূহের (যেমনঃ ইন্ডাস্ট্রি, কনভেনশনাল এনার্জির ক্যাপটিভ জেনারেটর, ইত্যাদি) আলাদা চুক্তি থাকতে পারে এবং তাঁদের এই চুক্তি অনুযায়ী পারস্পরিক লেনদেন প্রক্রিয়া ও শর্তাবলী ইউনিফাইড বা জোন ভিত্তিক নির্ধারণ পূর্বক BEZA/BEPZA ওয়েবসাইটে প্রকাশ করবে। | |
| ২ | **অনুচ্ছেদ ৩.২**<br><br>(গ্রাহকের শ্রেণীবিভাগ) | ১) নিম্নচাপ (এলটি): ৪০০ ভোল্ট<br>২) মধ্যমচাপ (এমটি): ১১ কেভি<br>৩) উচ্চচাপ (এইচটি) ৩৩ কেভি | নতুন অন্তর্ভুক্তি<br>১) নিম্নচাপ (এলটি): ২৩০ এবং ৪০০ ভোল্ট<br><br>**৪) অতি উচ্চচাপ (ইএইচটি) ১৩২ কেভি** | অতি উচ্চচাপ গ্রাহক যেমন বিভিন্ন কলকারখনা, স্টিল মিল ইত্যাদি স্থাপনায় প্রচুর খালি জায়গা বিদ্যমান যেখানে বড় আকারের রুফটপ সোলার সিস্টেম স্থাপন করা সম্ভব। উক্ত সিস্টেমে নেট মিটারিং প্রভিশন থাকলে তা শিল্প গ্রাহকের বিদ্যুৎ চাহিদা মেটানোর পর বিতরণ ইউটিলিটির নেটওয়ার্কে রপ্তানির মাধ্যমে শিল্প গ্রাহক ও ইউটিলিটি উভয়ই লাভবান হতে পারে। বাংলাদেশে অদ্যাবধি ১৩২ কেভি পর্যন্ত ভোল্টেজ লেভেলে অতি উচ্চচাপ গ্রাহক বিদ্যমান বিধায় তাঁদের রুফটপ সোলার উৎপাদন ও নেট মিটারিং এ অন্তর্ভুক্ত করার জন্য গ্রাহকের শ্রেণীবিভাগে ১৩২ কেভি পর্যন্ত প্রস্তাব করা হয়েছে। |

| ক্রঃ | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে রেফারেন্স | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে সংশ্লিষ্ট অনুচ্ছেদের বিধান | কমিটি কর্তৃক সুপারিশকৃত পরিবর্তন | পরিবর্তনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| ৩ | **অনুচ্ছেদ ৩.৩ (ক)**<br>(ক্ষমতা ও বিদ্যুৎ শক্তি রপ্তানির সীমা) | যে কোন থ্রি ফেজ গ্রাহক নেট মিটারিং এর জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। | **যে কোন সিঙ্গেল ও থ্রি ফেজ গ্রাহক (প্রিপেইড মিটারের বাইডিরেকশনাল সুবিধা প্রাপ্তি সাপেক্ষে) নেট মিটারিং এর জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।** | সাধারণত বাসা বাড়িতে নিম্ন ভোল্টেজ গ্রাহকগণ সিঙ্গেল ফেজ কানেকশন ব্যবহার করেন। থ্রি ফেজ ব্যবহারকারী গ্রাহকের সংখ্যা সিঙ্গেল ফেজের তুলনায় অনেক কম। এই বিপুল পরিমাণ সিঙ্গেল ফেজ গ্রাহককে রুফটপ সোলার নেট মিটারিং এর আওতায় আনা হলে দেশব্যাপী রুফটপ সোলার সিস্টেমের ক্যাপাসিটি উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পাবে এবং এক্ষেত্রে কোন উল্লেখযোগ্য কারিগরি ত্রুটি দেখা দিবেনা মর্মে প্রতীয়মান হয়। বিশ্বের অন্যান্য দেশের নেট মিটারিং সিস্টেমে ও এ ধরণের সীমাবদ্ধতা রাখা হয়নি। এক্ষেত্রে লক্ষণীয় যে, সিঙ্গেল ফেজে নেট মিটারিং এর ক্ষেত্রে কানেকশন বাসাবাড়ির ডিস্ট্রিবিউশন বোর্ডের মিটারিং পয়েন্ট পর্যন্ত টানা বাঞ্ছনীয়। |
| ৪ | **অনুচ্ছেদ ৩.৩ (খ)**<br>(ক্ষমতা ও বিদ্যুৎ শক্তি রপ্তানির সীমা) | নবায়নযোগ্য জ্বালানি কনভার্টারের আউটপুট (এসি) গ্রাহকের অনুমোদিত লোডের ৭০% এর বেশি হবেনা। | **নবায়নযোগ্য জ্বালানি কনভার্টারের আউটপুট (এসি) গ্রাহকের অনুমোদিত লোডের এর বেশি হবেনা।** | সাধারণত বাসা বাড়িতে নিম্ন ভোল্টেজ গ্রাহকদের অনুমোদিত লোড ১-৭ কিলোওয়াট এর মধ্যে হয়ে থাকে। এক্ষেত্রে গ্রাহক তাঁর অনুমোদিত লোডের সমান ক্যাপাসিটির রুফটপ সোলার সিস্টেম স্থাপন করলেও বাংলাদেশের আবহাওয়া ও সৌরশক্তির পরিমাণ বিবেচনায় এটি থেকে পূর্ণ ক্ষমতায় বিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা খুবই কম। তাই একজন গ্রাহকের অনুমোদিত লোড ২ কিঃ ওঃ হলে তিনি যদি ২ কিঃ ওঃ ক্ষমতার রুফটপ সোলার সিস্টেম স্থাপন করেন তাতে উল্লেখযোগ্য কোন কারিগরি ত্রুটি দেখা দিবেনা। আমাদের পার্শ্ববর্তী দেশ ভারতের অধিকাংশ রাজ্যে ও অন্যান্য দেশের নেট মিটারিং সিস্টেমে এই লিমিট গ্রাহকের অনুমোদিত লোডের ১০০% পর্যন্ত হতে পারবে এ ধরণের প্রভিশন রয়েছে। বরং লিমিটেশন ফ্যাক্টর ৭০% থেকে ১০০% এ উন্নীত হওয়ায় দেশব্যাপী রুফটপ সোলার সিস্টেমের ক্যাপাসিটি উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পাবে। |
| ৫ | **অনুচ্ছেদ ৩.৩ (গ)**<br>(ক্ষমতা ও বিদ্যুৎ শক্তি রপ্তানির সীমা) | নেট মিটারিং এর ক্ষেত্রে স্থাপিত নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমের সর্বোচ্চ আউটপুট (এসি) ১০ মেঃ ওঃ এর বেশি হবে না। | **নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমের সর্বোচ্চ আউটপুট লিমিটের এই অনুচ্ছেদটি তুলে দেয়া যেতে পারে।** | উচ্চ ভোল্টেজের বিদ্যুৎ (৩৩ বা ১৩২ কেভি) গ্রাহকগণ সাধারণত তাঁদের শিল্প কারখানায় অনেক বেশি পরিমাণের বিদ্যুৎ শক্তি ব্যবহার করেন। তাঁদের ফ্যাক্টরির খালি জায়গা ব্যবহার করে তাঁরা বড় আকারের যে কোন ক্যাপাসিটির রুফটপ সোলার সিস্টেম বসাতে পারেন। এক্ষেত্রে উল্লেখযোগ্য কোন কারিগরি ত্রুটির আশঙ্কা নেই । বাংলাদেশের বড় কারখানাসমূহ (স্টিল, সিমেন্ট, গার্মেন্টস ইত্যাদি) এবং নতুন স্থাপিত ইপিজেড, বড় কর্পোরেট প্রতিষ্ঠানসমূহের কর্তৃপক্ষ / মালিকদের বড় আকারের রুফটপ সোলার সিস্টেম স্থাপনে উৎসাহিত করতে হবে। এর মাধ্যমে দেশব্যাপী রুফটপ সোলার সিস্টেমের ক্যাপাসিটি ব্যাপকভাবে বৃদ্ধি পাবে। |

CamScanner

| ক্রঃ | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে রেফারেন্স | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে সংশ্লিষ্ট অনুচ্ছেদের বিধান | কমিটি কর্তৃক সুপারিশকৃত পরিবর্তন | পরিবর্তনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| ৬ | **অনুচ্ছেদ ৩.৩ (ঘ)**<br><br>(ক্ষমতা ও বিদ্যুৎ শক্তি রপ্তানির সীমা) | মাঝারি মাত্রার ভোল্টেজের গ্রাহকদের ক্ষেত্রে নেট মিটারিং এর আওতায় স্থাপিত নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন সিস্টেমের ক্ষমতা , ট্রান্সফর্মারের নির্ধারিত ক্ষমতা অথবা ট্রান্সফরমারগুলোর ক্রমপুঞ্জিত ক্ষমতার ৭০% এর বেশি হতে পারবেনা। | **মাঝারি মাত্রার ভোল্টেজের গ্রাহকদের ক্ষেত্রে নেট মিটারিং এর আওতায় স্থাপিত নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন সিস্টেমের ক্ষমতা , ট্রান্সফর্মারের নির্ধারিত ক্ষমতা অথবা ট্রান্সফরমারসমূহের ক্রমপুঞ্জিত ক্ষমতার <u>৮০%</u> এর বেশি হতে পারবেনা।** | বিশ্বের বিভিন্ন ইলেক্ট্রিক্যাল স্ট্যান্ডার্ডে অথবা বিভিন্ন দেশের গ্রিড কোডে ডিস্ট্রিবিউটেড জেনারেশন গ্রিডে সংযোগের ক্ষেত্রে এর ক্যাপাসিটি বিদ্যমান গ্রিড নেটওয়ার্কের ট্রান্সফরমারসমূহের ক্যাপাসিটির মধ্যে লিমিট করার নির্দেশনা রয়েছে। অন্যথায় ট্রান্সফর্মার ওভারলোড হয়ে গ্রিড স্ট্যাবিলিটিতে সমস্যা দেখা দিতে পারে। ভারতের বিভিন্ন রাজ্যে এবং বিভিন্ন দেশে এই লিমিটিং ফ্যাক্টর ৮০%-১০০% হবার নজির আছে।<br><br>২০১৮ সালে ভারতের Ministry of New and Renewable Energy (MNRE) এর অধীনে GIZ কর্তৃক Study on "Analysis of Indian Electricity Distribution System for Integration of High shares of Rooftop PV" সম্পাদন করা হয় । এতে ভারতের দিল্লী আরবান, দিল্লী রুরাল-১ ও ২, ভোপাল আরবান ও ভোপাল রুরাল এ সকল ফিডারে ২০% থেকে ১৫০% ট্রান্সফরমার ক্যাপাসিটি রুফটপ সোলার বসিয়ে সিমুলেশন করে লাইন ও ট্রান্সফরমার লোডিং যাচাই করা হয়। সিমুলেশন রেজাল্ট এ উল্লেখ করা হয় "PV penetration levels of 75% of distribution transformer capacity and higher can be implemented without having to undertake any measures to contain voltage problems or overloading."<br><br>এছাড়া বাংলাদেশে বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে ট্রান্সফরমারের রেটেড ক্যাপাসিটি অনুমোদিত লোডের চেয়ে বেশি থাকে এবং গ্রাহক প্রান্তে স্থাপিত ট্রান্সফরমারের ক্ষেত্রেও ক্ষমতা তাঁর আবেদনকৃত লোডের থেকেও বেশী থাকে।<br><br>তাই ট্রান্সফরমারের সেফটিসহ সার্বিক বিবেচনায়, বাংলাদেশের ক্ষেত্রে বাস্তবতার নিরিখে এই লিমিটিং ফ্যাক্টর ৮০% করা যেতে পারে মর্মে প্রতীয়মান হয়। তবে ভবিষ্যতে রুফটপ সোলারের ক্যাপাসিটি ব্যাপকভাবে বৃদ্ধি পেলে জোন / এরিয়াভিত্তিক লোড ফ্লো, নেটওয়ার্ক রিলায়েবিলিটি / স্ট্যাবিলিটি ইত্যাদি স্টাডি করে তারপর এই লিমিট নির্ধারণ করা যেতে পারে। |
| ৭ | **অনুচ্ছেদ ৩.৪ (ঠ)**<br><br>(বিদ্যুৎ শক্তির হিসাবরক্ষণ ও | নতুন অনুচ্ছেদ | **গ্রাহকের রুফটপ সোলার সিস্টেম কর্তৃক উৎপাদিত মাসিক সর্বোচ্চ এসি বিদ্যুৎ (কিলোওয়াট/মেগাওয়াট) উপর্যুক্ত ৩.৩ (খ) এ উল্লিখিত লিমিটের বেশী হলে গ্রাহককে প্রথম দফায়** | এর মাধ্যমে গ্রাহক তাঁর রুফটপ সোলার সিস্টেম হতে অনুমোদিত লোডের ১০০% এর বেশী এসি বিদ্যুৎ যাতে কোন ভাবেই বিতরণ সিস্টেমে আসতে না পারে সে বিষয়ে সচেষ্ট থাকবেন যা বিতরণ সিস্টেমের স্ট্যাবিলিটি নিশ্চিতকরণে সহায়ক হবে |



CamScanner

| ক্রঃ | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে রেফারেন্স | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে সংশ্লিষ্ট অনুচ্ছেদের বিধান | কমিটি কর্তৃক সুপারিশকৃত পরিবর্তন | পরিবর্তনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| | নিষ্পত্তি) | | পত্র মারফত সতর্ক করতে হবে। পুনরায় একই ত্রুটি পাওয়া গেলে নেট মিটারিং চুক্তি বাতিলের উদ্যোগ নিতে হবে।<br><br>অতিরিক্ত রপ্তানিকৃত ইউনিট নেট মিটারিং সেটেলমেন্ট পিরিয়ডে সমন্বয়ে বিবেচিত হবে না। | |
| ৮ | **অনুচ্ছেদ ৩.৫ (খ) (i)**<br><br>(নেট মিটারিং এর ট্যারিফ কাঠামো) | নতুন অনুচ্ছেদ ৩.৫ **(ঠ) হিসেবে নতুন যুক্ত হবে।** | **বিদ্যুৎ বিতরণ ইউটিলিটির জন্য ইনসেন্টিভ হিসেবে রুফটপ সোলার সিস্টেম হতে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালনের জন্য উক্ত সিস্টেম হতে রপ্তানিকৃত বিদ্যুতের ১০% System Compensation হিসেবে ধরে তা গ্রাহকের গ্রস রপ্তানিকৃত বিদ্যুৎ হতে বাদ দিয়ে [illegible] রপ্তানিকৃত বিদ্যুতের পরিমান নির্ণয় করতে হবে, যা নির্দেশিকা অনুযায়ী মোট প্রেরিত/রপ্তানিকৃত বিবেচনা করে আমদানি এবং ক্রেডিট বিদ্যুতের সাথে সমন্বয় হবে। এক্ষেত্রে গ্রাহকের রপ্তানিকৃত বিদ্যুৎ = ০.৯ × প্রকৃত রপ্তানিকৃত বিদ্যুৎ।** | OPEX মডেলে রুফটপ সিস্টেম Owner, EPC তাঁদের ইনসেন্টিভ প্রাপ্তির সুযোগ থাকলেও বিতরণ ইউটিলিটির উল্লেখযোগ্য কোন ইনসেনটিভ নেই। এক্ষেত্রে এ ধরণের System Compensation এর প্রভিশন থাকলে এতে করে বিতরণ ইউটিলিটির কিছুটা ক্ষতিপূরণের সুযোগ থাকবে। ফলশ্রুতিতে বিতরণ ইউটিলিটিসমূহ আরও অধিক হারে রুফটপ সোলার ভিত্তিক নেট মিটারিং সিস্টেম এর ক্যাপাসিটি বৃদ্ধির বিষয়ে আগ্রহী হবে। ফলে সামগ্রিকভাবে দেশের রুফটপ সোলারের ক্যাপাসিটি বাড়বে। |
| ৯ | **অনুচ্ছেদ ৩.৬ (ছ)**<br><br>(মিটারিং কার্যক্রম) | নেট মিটারের জন্য উপযুক্ত বিবেচিত গ্রাহক যদি প্রি পেইড মিটার গ্রাহক হয়ে থাকেন, তবে এ মিটারকে পূর্বের বর্ণা অনুযায়ী প্রেরিত, গৃহীত ও নেট বিদ্যুৎ শক্তির পরিমাণ নির্ধারণে সক্ষম হতে হবে। এর জন্য একে রি প্রোগ্রাম করা যেতে পারে। | **প্রি পেমেন্ট / স্মার্ট মিটারে নেট মিটারিং বাস্তবায়নের ক্ষেত্রে পরিশিষ্ট – ৭ এ বর্ণিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে** | বিদ্যুৎ বিভাগের পরিপত্র স্মারক নংঃ ২৭.০০.০০০০.০৯৩.৩৩.০৬১.১৯-৭১ তারিখঃ ২১/০৬/২০২৩ নেট মিটারিং গাইডলাইনের পরিশিষ্ট – ৭ এ অন্তর্ভুক্ত করতে হবে (সংযুক্তি – ৬) |
| ১০ | **অনুচ্ছেদ ৩.৬ (জ)**<br><br>(মিটারিং কার্যক্রম) | OPEX মডেলে নবায়নযোগ্য জ্বালানি সিস্টেম স্থাপনের ক্ষেত্রে "Solar Accounting Meter" এবং "Self | **OPEX এবং CAPEX উভয় মডেলেই নবায়নযোগ্য জ্বালানি সিস্টেম স্থাপনের ক্ষেত্রে "Solar Accounting Meter" বাধ্যতামূলক হবে এবং এতে মাসিক সর্বোচ্চ উৎপাদন (এসি, কিলোওয়াট/মেগাওয়াট)** | নবায়নযোগ্য জ্বালানি থেকে মোট উৎপাদিত বিদ্যুৎ গণনার জন্য এ জেনারেশন মিটারটি একান্ত প্রয়োজন। এ মিটারের রিডিং পরবর্তীতে কার্বন ক্রেডিট সংশ্লিষ্ট কাজেও ব্যবহারের সুযোগ থাকবে। এছাড়া, সিস্টেমগুলো সচল কিনা, যথাযথ পারফর্ম করছে কিনা, এই জেনারেশন মিটার হতে পাওয়া যাবে। একইসাথে, অনুমোদিত ক্যাপাসিটি সীমাও পর্যবেক্ষণ |

CamScanner

| ক্রঃ | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে রেফারেন্স | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে সংশ্লিষ্ট অনুচ্ছেদের বিধান | কমিটি কর্তৃক সুপারিশকৃত পরিবর্তন | পরিবর্তনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| | | Consumption Meter" বাধ্যতামূলক হবে | রেকর্ডভুক্তির ব্যবস্থা থাকতে হবে। গ্রাহকের স্থাপনার পারস্পরিক দুরুত্বের আলোকে এ মিটারের সংখ্যা একাধিক হলে সমষ্টিগত সর্বোচ্চ উৎপাদনকে মাসিক সর্বোচ্চ উৎপাদন বিবেচনা করা হবে।<br><br>উভয় মডেলেই "Self Consumption Meter" ঐচ্ছিক হবে | করা যাবে।<br><br>"Self Consumption Meter" টি ওপেক্স মডেলে বাধ্যতামূলক হলেও অনেক ক্ষেত্রেই কারিগরী জটিলতায় তা স্থাপন করা যাচ্ছেনা। বিশেষত যে সকল ১১ কেভি বা তদুর্ধ চাপের বিদ্যুৎ গ্রাহক একটি সংযোগের মাধ্যমে বিদ্যুৎ গ্রহণ করে একাধিক ভবনে ব্যবহার করছে এবং সোলার সিস্টেমগুলো স্ব-স্ব ভবনে যুক্ত হচ্ছে। |
| ১১ | অনুচ্ছেদ ৩.৬ (ঠ)<br><br>(মিটারিং কার্যক্রম) | বিতরণ ইউটিলিটির কোন ফিডারে নেট মিটারিং সিস্টেম থাকলে সংশ্লিষ্ট গ্রিড সাব-স্টেশনের বিদ্যুৎ বিতরণ মিটারগুলোকে প্রয়োজন অনুযায়ী বাই-ডিরেকশনাল করতে হবে। | বিতরণ ইউটিলিটির কোন ফিডারে পর্যাপ্ত ক্যাপাসিটির (গ্রিডে রপ্তানির সম্ভাবনা) নেট মিটারিং সিস্টেম থাকলে বিতরণ ইউটিলিটির চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট গ্রিড সাব-স্টেশনের বিদ্যুৎ বিতরণ মিটারগুলোকে বাই-ডিরেকশনাল করতে হবে।<br><br>এই মিটার হতে গ্রিডে রপ্তানিকৃত বিদ্যুৎ, বিতরণ ইউটিলিটি কর্তৃক সিঙ্গেল বায়ার (বিপিডিবি) হতে সামগ্রিক বাল্ক আমদানিকৃত বিদ্যুতের সাথে সমন্বয় করতে হবে। এই সমন্বয়ের ক্ষেত্রে রপ্তানিকৃত বিদ্যুতের <u>৫%</u> System Compensation হিসেবে ধরে নিয়ে তা ইউটিলিটির গ্রস রপ্তানিকৃত বিদ্যুৎ হতে বাদ দিয়ে নেট রপ্তানিকৃত বিদ্যুতের পরিমান নির্ণয় করতে হবে এবং এর সাথে আমদানিকৃত বিদ্যুতের সেটেলমেন্ট করতে হবে। | গ্রাহক কর্তৃক স্থাপনকৃত নেট মিটারিং সিস্টেমে কিছুটা হলেও বিতরণ ইউটিলিটির মুনাফা ক্ষতিগ্রস্ত হয়। এক্ষেত্রে তাঁদের পর্যাপ্ত প্রণোদনা দেয়ার লক্ষ্যে কোন ইউটিলিটি যদি তাঁর ফিডারে রুফটপ সোলার ভিত্তিক নেট মিটারিং সিস্টেম যুক্ত করে তাহলে সেই বিদ্যুৎ গ্রিডে রপ্তানির সুযোগ এবং গ্রিড হতে আমদানিকৃত বিদ্যুতের সাথে সমন্বয় তথা বিদ্যুৎ বিতরণ ইউটিলিটি কর্তৃক সিঙ্গেল বায়ার (বিপিডিবি) হতে সামগ্রিক বাল্ক আমদানির সাথে সমন্বয় করে বিলিং এর প্রভিশন থাকা বাঞ্ছনীয়। |
| ১২ | অনুচ্ছেদ ৩.৭ (ঞ)<br><br>(আবেদন দাখিলের প্রক্রিয়া) | নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমের উপাদানসমূহ এবং ইন্টারকানেকশনের পরিমাপকসমূহ এ নির্দেশিকা ও সংশ্লিষ্ট বিতরণ বিতরণ ইউটিলিটি কর্তৃক নির্ধারিত মানদন্ড অনুযায়ী ঠিক আছে কিনা তাঁর নিশ্চয়তা বিধানের লক্ষে সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটি | নতুন সংযোজন<br><br>বিতরণ ইউটিলিটি ৩৩ কেভি বা তদুর্ধ চাপের কোন বিদ্যুৎ গ্রাহকের আবেদনের ভিত্তিতে নির্দেশিকার ৩.৭ (ঙ) অনুযায়ী অনুমতিপত্র জারী করলে, অনুমতি পত্রের অনুলিপি প্রদানের মাধ্যমে গ্রিড অপারেটর এবং বাল্ক সরবরাহকারী সিঙ্গেল বায়ারের (বিপিডিবি) সংশ্লিষ্ট জোনাল অফিসকে অবহিত রাখতে হবে। | গ্রিড নেটওয়ার্কে নেট মিটারিং এর মাধ্যমে বিতরণ ইউটিলিটিসমূহ সিঙ্গেল বায়ারের (বিপিডিবি) সাথে বাল্ক আমদানি রপ্তানি সেটেলমেন্টের ক্ষেত্রে বিপিডিবিকে পূর্বে অবহিত করা সমীচীন হইবে। |



CS CamScanner

| ক্রঃ | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে রেফারেন্স | বর্তমান নেট মিটারিং গাইডলাইনে সংশ্লিষ্ট অনুচ্ছেদের বিধান | কমিটি কর্তৃক সুপারিশকৃত পরিবর্তন | পরিবর্তনের যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| | | সিস্টেমটি পরীক্ষা নিরীক্ষা ও প্রতিপাদন করবে। | | |
| ১৩ | **নতুন অনুচ্ছেদ ৩.৯**<br><br>**বিতরণ ইউটিলিটির সম্পৃক্ততা** | নতুন অনুচ্ছেদ ৩.৯ (ক) | **Renewable Portfolio Standard (RPS) অনুসরণ করে বিতরণ ইউটিলিটির মোট বিদ্যুৎ চাহিদার একটি অংশ (প্রাথমিকভাবে সম্ভাব্য ১% পরবর্তীতে ক্রমবর্ধণশীল) নবায়নযোগ্য জ্বালানি হতে উৎপাদন / আমদানি করতে হবে।** | এ ধরনের বাধ্যবাধকতা নেট মিটারিং গাইডলাইনে এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি লক্ষ্যমাত্রাতে (APA Target) অন্তর্ভুক্ত করা হলে বিতরণ ইউটিলিটিসমূহ টার্গেট পূরণের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে পরিবেশবান্ধব নবায়নযোগ্য জ্বালানিভিত্তিক (রুফটপ সোলার, ছোট আকৃতির উইন্ডমিল, বায়োগ্যাস / বর্জ্য থেকে বিদ্যুৎ ইত্যাদি) বিদ্যুৎ উৎপাদন সিস্টেমের ক্ষমতা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করতে আগ্রহী হবে। |
| ১৪ | **নতুন অনুচ্ছেদ ৩.৯**<br><br>**বিতরণ ইউটিলিটির সম্পৃক্ততা** | নতুন অনুচ্ছেদ ৩.৯ (খ) | **প্রতিটি বিদ্যুৎ বিতরণ ইউটিলিটিতে পৃথকভাবে নবায়নযোগ্য বিদ্যুতের জন্য সাংগঠনিক কাঠামো সৃজন করতে হবে এবং এতে পর্যাপ্ত সংখ্যক প্রকৌশলী, কর্মকর্তা, কর্মচারী নিয়োগ / পূর্ণ দায়িত্বে পদায়ন করতে হবে যাতে করে উক্ত ইউটিলিটির অধীনে রুফটপ সোলার নেট মিটারিং সিস্টেম স্থাপনের আবেদন প্রক্রিয়াকরণ, ফিজিবিলিটি স্টাডি, অনুমোদন, ইন্সটল পরবর্তী পরিদর্শন কাজে বিলম্ব না হয়।** | এর মাধ্যমে দ্রুততম সময়ে বিতরণ ইউটিলিটিসমূহ কর্তৃক নেট মিটারিং ভিত্তিক রুফটপ সোলার সিস্টেম টার্গেট পূরণ ত্বরান্বিত হবে। |



CS CamScanner

এছাড়াও নেট মিটারিং গাইডলাইনে পরবর্তীতে আরও **পরিবর্তন (সংযোজন / বিয়োজন / সংশোধন)** আনয়নের প্রয়োজন হলে বর্তমান কমিটির ন্যায় সকল স্টেকহোল্ডারের প্রতিনিধি নিয়ে নতুনভাবে কমিটি গঠন করে পরিবর্তন সম্পাদন করা যেতে পারে।

২৮.০৭.২০২৪
**(মোঃ রাশেদুল আলম)**
সহকারী পরিচালক (সোলার)
স্রেডা ও
কমিটির সদস্য

২৮/০৭/২০২৪
**(মোঃ মতিউর রহমান)**
প্রধান (নির্বাহী প্রকৌশলী ভারপ্রাপ্ত),
নবায়নযোগ্য জ্বালানি ও জ্বালানি দক্ষতা সেল,
ওজোপাডিকো ও
কমিটির সদস্য

২৮.০৭.২৪
**(মোঃ নাসির উদ্দিন মিয়া)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিঃ দায়িত্ব),
বারিধারা সার্কেল, ডেসকো ও
কমিটির সদস্য

28.07.24
**(জহিরুল করিম)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
নবায়নযোগ্য জ্বালানি ও গবেষণা,
ডিপিডিসি ও
কমিটির সদস্য

২৮/০৭/২০২৪
**(আহমেদ জহির খান)**
মহাব্যবস্থাপক (প্রশিক্ষণ),
বাবিউবো ও
কমিটির সদস্য

২৮/৭/২০২৪
**(মোঃ আব্দুর রৌফ মিয়া)**
সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন),
বাপবিবো ও
কমিটির সদস্য

২৮/০৭/২০২৪
**(মোঃ রেজাউল করিম)**
সদস্য, বিতরণ,
বাবিউবো ও
কমিটির সদস্য

২৮/০৭/২৪
**(মোঃ জাহিদুল ইসলাম)**
যুগ্মসচিব (সমন্বয়),
বিদ্যুৎ বিভাগ ও
কমিটির সদস্য

২৮/০৭/২০২৪
**(ড. খোন্দকার মোঃ আব্দুল হাই)**
সদস্য (যুগ্মসচিব),
নবায়নযোগ্য জ্বালানি,
স্রেডা ও
কমিটির সদস্য

২৮/৭/২৪
**(মোহাম্মদ হোসাইন)**
মহাপরিচালক
পাওয়ারসেল ও
কমিটির সদস্য

২৮/৭/২০২৪
**(মুনীরা সুলতানা, এনডিসি)**
চেয়ারম্যান
স্রেডা ও
কমিটির সদস্য

২৮/০৭/২৪
**(মোহাম্মদ আলাউদ্দিন)**
রেক্টর
বিপিএমআই ও
কমিটির আহবায়ক

CamScanner

সংযুক্তি - ৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ-২ শাখা
ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.powerdivision.gov.bd

নম্বর: ২৭.০০.০০০০.০৯৩.৩৩.০৬১.১৯-৭১

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩০ / ২১ জুন ২০২৩

**পরিপত্র**

**বিষয়: প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারে নেট মিটারিং বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারে নেট মিটারিং সুবিধা চালুকরণের নিমিত্ত উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ জারি করা হল:

(১) প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারে এবং/অথবা এর সার্ভার সিস্টেমে বিদ্যমান প্যারামিটারের পাশাপাশি নেট মিটারিং সিস্টেমের কারণে সৃষ্ট Export, Import, Credit, Settlement Unit, Settlement BDT Amount ইত্যাদি প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থাপনা অন্তর্ভুক্ত করে মিটারটিকে বাইডিরেকশনাল করতে হবে। Export, Import, Credit, Settlement Unit-এর হিস্টোরিক্যাল ডাটা অর্থবছর ভিত্তিক সংরক্ষণের ব্যবস্থা রাখতে হবে।

(২) সেটল্‌মেন্ট মাস অর্থাৎ জুন মাস অন্তে রপ্তানিকৃত বিদ্যুতের পরিমাণ (kWh) নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ এ বর্ণিত ক্রেডিট ইউনিট হিসেবে জমা হবে। এক্ষেত্রে যে মাস পরবর্তী ক্রেডিট ইউনিট সেটল্‌মেন্ট ইউনিট হিসেবে গণ্য হবে এবং উক্ত নির্দেশিকা অনুযায়ী সেটল্‌মেন্ট এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেটল্‌মেন্ট ইউনিট শূন্য না হলে বিতরণ ইউটিলিটি বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)/সরকার কর্তৃক নির্ধারিত বিলিং ফরম্যাটে বিস্তারিত উল্লেখপূর্বক বিলিং ডকুমেন্ট গ্রাহককে প্রদান করবে।

(৩) প্রতি মাসে নতুন ক্রেডিট ইউনিট বৃদ্ধির পরিমাণসহ মোট ক্রেডিট ইউনিট ও টাকার পরিমাণ উল্লেখপূর্বক বিতরণ ইউটিলিটি গ্রাহককে জানাবে এবং মিটারের ডিসপ্লেতে প্রদর্শনের ব্যবস্থা রাখবে। মোট আমদানি এবং রপ্তানি ইউনিটের পরিমাণ মিটারে রেকর্ড থাকতে হবে এবং প্রদর্শনের ব্যবস্থা রাখতে হবে।

(৪) গ্রাহক কর্তৃক বিদ্যুৎ ব্যবহার অনুযায়ী প্রথমে ক্রেডিট ইউনিট হতে সমন্বয় হবে এবং ক্রেডিট ইউনিট শূন্যে পৌছালে প্রি-পেমেন্ট/স্মার্ট মিটারের রিচার্জকৃত ব্যালান্স হতে বিধি মোতাবেক টাকা কর্তন করা হবে।

(৫) স্লাবযুক্ত গ্রাহকের ক্ষেত্রে কেবলমাত্র রিচার্জকৃত টাকা কর্তনের জন্য ব্যবহৃত বিদ্যুতের ইউনিট-এর ভিত্তিতে স্লাব বিবেচনা করতে হবে।

(৬) প্রি-পেমেন্ট/পোস্ট-পেইড/স্মার্ট মিটার, প্রত্যেক ক্ষেত্রেই বিতরণ ইউটিলিটি প্রতিটি মিটারের জন্য মিটার সার্ভার থেকে বিদ্যুৎ আমদানি এবং রপ্তানি ডাটা স্রেডা'র সাথে স্বয়ংক্রিয় অনলাইন সিস্টেমের মাধ্যমে শেয়ার করবে। স্রেডা প্রয়োজন অনুযায়ী সে ডাটা যাচাই করবে।



CamScanner

(৭) নতুন স্মার্ট মিটারে উল্লিখিত বিধানসমূহ অন্তর্ভুক্ত থাকতে হবে যাতে বিতরণ ইউটিলিটি প্রয়োজন অনুযায়ী তা কার্যকর করতে পারে। পুরাতন মিটারগুলোতে রি-প্রোগ্রাম-এর মাধ্যমে বিতরণ ইউটিলিটি প্রয়োজন অনুযায়ী উল্লিখিত সুবিধা চালুর ব্যবস্থা গ্রহণ করবে।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২১/৮/২৫

(রকিবুর রহমান খান)
সিনিয়র সহকারী সচিব
পরিচিতি নং: ১৬৬৯২
ফোন: ২২৩৩৫৪৪০৯
ইমেইল: cec-2@pd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক (সকল), দপ্তর/সংস্থা/কোম্পানি, বিদ্যুৎ বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
০৩। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ), বিদ্যুৎ বিভাগ।
০৪। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০৬। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।



CamScanner